

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো-২য় পর্যায়
পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.২৫.০৯৩.২২.৬৬৪


তারিখ: ০৯/০৬/২০২২ খ্রিষ্টাব্দ

বিষয় : দিনব্যাপী প্রকল্প অবহিতকরণ কর্মশালা আয়োজন।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (ইরেসপো)-২য় পর্যায় প্রকল্পের আওতায় নিম্নবর্ণিত উপজেলাসমূহে আগামী ২১/০৬/২০২২ খ্রি: তারিখে দিনব্যাপী প্রকল্প অবহিতকরণ কর্মশালা অনুষ্ঠিত হবে। উল্লিখিত তারিখে অনুষ্ঠিতব্য কর্মশালায় পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব জনাব মো: মশিউর রহমান এনডিসি মহোদয় প্রধান অতিথি হিসেবে ভারুয়ালি যুক্ত হয়ে কর্মশালার শুভ উদ্বোধন করার সদয় সম্মতি জ্ঞাপন করেছেন এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বিআরডিবি'র ভারপ্রাপ্ত মহাপরিচালক জনাব এস. এম. মাসুদুর রহমান। উল্লেখ্য, কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠান সকাল ১০.০০ ঘটিকায় অনুষ্ঠিত হবে বিধায় সকাল ৯.৩০ ঘটিকার মধ্যে ইরেসপো প্রকল্পের zoom id: 8430171963, pass code: 12345678 এ সংযুক্ত হওয়ার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। উপজেলাসমূহের তালিকা নিম্নরূপ :

জেলার নাম	উপজেলার নাম	কর্মশালা আয়োজনের তারিখ
বরিশাল	আগৈলঝাড়া, বাবুগঞ্জ, গৌরনদী, মুলাদী	২১/০৬/২০২২
পটুয়াখালী	বাউফল, দশমিনা, দুমকী, কলাপাড়া,	
পিরোজপুর	নাজিরপুর, মঠবাড়িয়া, পিরোজপুর সদর, কাউখালী	
বরগুনা	বামনা	
ভোলা	মনপুরা	
ঝালকাঠি	ঝালকাঠি সদর	
নোয়াখালী	নোয়াখালী সদর	
রংপুর	মিঠাপুকুর, পীরগঞ্জ, কাউনিয়া, গঙ্গাচড়া, পীরগাছা	
মেহেরপুর	মেহেরপুর সদর	

এমতাবস্থায়, জুম এ্যাপের মাধ্যমে ভারুয়ালি কর্মশালার উদ্বোধন ও কী-নোট উপস্থাপনের যাবতীয় প্রস্তুতি গ্রহণসহ সংশ্লিষ্ট অংশগ্রহণকারীদের উপস্থিতি নিশ্চিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।


মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক
ফোনঃ ০২-৮১৮০১৪৪

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,
বিআরডিবি, উপজেলা.....(প্রকল্প/কর্মসূচিভুক্ত সংশ্লিষ্ট উপজেলা)।

সদয় অবগতির জন্য অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. উপপরিচালক, বিআরডিবি, জেলা: (প্রকল্প/কর্মসূচিভুক্ত সংশ্লিষ্ট জেলা)।
৩. উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)।
৪. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৫. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)।
৬. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, উপজেলা: (প্রকল্প/কর্মসূচিভুক্ত সংশ্লিষ্ট উপজেলা)।
৭. অফিস নথি।